

## প্রশ্নপত্রে ভুলের জন্য কর্মকর্তা বরখাস্ত

স্টাফ রিপোর্টার ॥ চলমান প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার বাংলাদেশ ও বিশ্ব পরিচয়ের ইংরেজী ভাষার প্রশ্নে অসংখ্য ভুলের জন্য দায়ী কর্মকর্তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। কর্মকর্তার নাম আবদুল মান্নান। তিনি গাইবান্ধার সাদুল্লাপুরের সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা। আদেশ জারির পর প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক আবু হেনা মোস্তফা কামাল বলেন, ওই কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা করে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। জানানো গেছে, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্ন প্রণয়ন করে ময়মনসিংহে অবস্থিত জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি। সেখানে নির্ধারিত প্যানেলের মাধ্যমে প্রশ্নপত্র প্রণয়ন করা হয়। এর আগে গত মঙ্গলবার অনুষ্ঠিত বাংলাদেশ ও

বিশ্ব পরিচয় বিষয়ের ইংরেজী ভাষার প্রশ্নপত্রে ব্যাপক ভুল ধরা পড়ে। সেখানে বাক্য গঠন থেকে শুরু করে শব্দেও অনেক ভুল ছিল। এ নিয়ে ব্যাপক সমালোচনা চলছে। ভুল নিয়ে ফোড প্রকাশ করছেন অভিভাবক ও শিক্ষকরা। সমালোচনা চলছে ইন্টারনেটে সামাজিক যোগাযোগ মাধ্যমেও। সিলেট ও নারায়ণগঞ্জ অঞ্চলের প্রশ্নপত্রে ঘটনাটি ঘটে। এই অংশের অনুবাদের দায়িত্বে ছিলেন গাইবান্ধার সাদুল্লাপুরের সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা আবদুল মান্নান। পরীক্ষার প্রথম প্রশ্নটি বাংলায় ছিল 'মুজিবনগর সরকার গঠিত না হলে নিচের কোন সমস্যাটি হতো। ইংরেজী ভাষার প্রশ্ন অনুবাদ করে প্রশ্ন করা হয়েছে, 'What would happen if no the Mujibnagar govt. was formed'। একটি প্রশ্নে মুক্তিযুদ্ধের ইংরেজী করা হয়েছে 'ফ্রিডম ফাইট'। আরও বেশ কিছু বাক্যে ও শব্দে ভুল ছিল। ৫০টি নৈর্ব্যক্তিক প্রশ্নের মধ্যে ৪০টিতেই ভাষা ও ব্যাকরণগত ভুল ছিল।